মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

স্মারক নম্বর : প্রঃশা-২/২০৫৪(২৫৩)/৪-পানি তারিখ: ৩০/৪/২০২৫

প্রেরক: পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

প্রাপক: প্রধান পরীক্ষকবৃন্দ এইচএসসি পরীক্ষা ২০২৪

**বিষয় : প্রধান পরীক্ষকগণের নিকট রক্ষিত এইচএসসি পরীক্ষা ২০২৪ এর পরীক্ষিত উত্তরপত্র বিক্রয় প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এইচএসসি পরীক্ষা ২০২৪ এর ফলাফল ১৫/১০/২০২৪ তারিখ প্রকাশিত হয়েছে। শিক্ষা বোর্ডের বিধি মোতাবেক ১৪/০৪/২০২৫ তারিখ ৬ মাস পূর্ণ হওয়ায় **আপনার নিকট রক্ষিত পরীক্ষিত উত্তরপত্রগুলি নিম্নে উল্লিখিত** নীতিমালা অনুসরণ পূর্বক বিক্রয়ের নির্দেশ প্রদান করা হ'ল।

**রাজশাহী শিক্ষা বোর্ডের ৩০-০৫-২০০৯ তারিখের ১১২তম অর্থ কমিটি এবং ২১৮তম বোর্ড সভার সিদ্ধান্ত ও ১৮-০৩-২০১৭ তারিখের ২৪১তম বোর্ড সভার ১২ নম্বর আলোচ্য বিষয় ও সিদ্ধান্ত মোতাবেক -**

১. প্রধান পরীক্ষকগণের নিকট রক্ষিত উচ্চ মাধ্যমিক পরীক্ষায় মূল্যায়নকৃত **পূর্ণ উত্তরপত্র ৩০(ত্রিশ)টিতে এক কেজি এবং অর্ধ উত্তরপত্র ৪০(চল্লিশ)টিতে এক কেজি ওজন বিবেচনা করে বিক্রয়ের ব্যবস্থা নিতে হবে।**
২. মূল্যায়নকৃত উত্তরপত্র প্রতি কেজি বাজার দরে বিক্রয়কৃত সর্বমোট টাকার ৯৫% বিল থেকে কর্তন করা হবে।
৩. প্রধান পরীক্ষগণ উত্তরপত্র বিক্রয়ের ব্যবস্থাপনা/আনুসংগিক খরচ বাবদ ৫% টাকা ব্যয় করতে পরবেন ।
৪. বোর্ডের নির্দেশ প্রাপ্তির তারিখ থেকে ০১(এক) মাসের মধ্যেই প্রধান পরীক্ষকগণ উত্তরপত্র বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করবেন।

উল্লেখ্য যে, মহামান্য হাইকোর্টের রীট পিটিশন নং ৪৯৭৩/২০২০ এর আদেশ মোতাবেক তা বাস্তবায়নের লক্ষ্যে পরীক্ষার উত্তরপত্র বিক্রির নির্দেশ দেয়ার **১৫ (পনের) দিনের মধ্যে প্রচলিত বাজার দরে** সংশ্লিষ্ট প্রধান পরীক্ষকগণের নিকট হতে উত্তরপত্রসমূহ ক্রয় করার জন্য প্রধান নির্বাহী কর্মকর্তা পথশিশু কল্যাণ ট্রাস্ট-কে অবহিত করা হয়েছে। উক্ত সময়-সীমার মধ্যে প্রধান পরীক্ষকগণের নিকট হতে উত্তরপত্র ক্রয়ে ব্যর্থ হলে প্রধান পরীক্ষকগণ প্রচলিত নিয়মানুযায়ী তা বিক্রয় করতে পারবেন।

পথ শিশু কল্যাণ ট্রাস্ট এর প্রধান নির্বাহী কর্মকর্তার
মোবা: নম্বর- ০১৭০৯-৩৭২৫৬৬, ০১৭১১-৪৩৫৫৭৯

৩০/৪/২৫
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

স্মারক নম্বর : প্রঃশা-২/২০৫৪(২৫৩)/৪-পানি তারিখ: ৩০/৪/২০২৫

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হ'ল:**

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
২. পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
৩. কলেজ পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
৪. বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
৫. উপ-পরিচালক (হিঃ ও নিঃ), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
৬. সিনিয়র সিস্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
৭-৯. হিসাব রক্ষণ অফিসার, অডিট অফিসার, উপ-সচিব (ভান্ডার), শিক্ষা বোর্ড রাজশাহী
১০. প্রধান নির্বাহী কর্মকর্তা, পথশিশু কল্যান ট্রাষ্ট,৫/২৯ সলিমুল্লাহ রোড,মোহম্মদপুর,ঢাকা-১২০৭
১১. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (উচ্চ মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
১২. পি এস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
১০. অফিস নথি।

৩০.৪.২৫
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (চঃদাঃ,স্ক্রিপ্টও গোপনীয়)
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

D. Others -U.P.B. Letter